



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪২৯.২২.১৭০

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯

০৪ আগস্ট ২০২২

বিষয়: সংগ্রহের নির্ধারিত মেয়াদের মধ্যে বোরো/২০২২ ধান-চাল সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণ।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২২.৮০, তারিখ: ১১/০৫/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি বোরো/২০২২ মৌসুমে ৬.৫০ লাখ মে.টন ধান, ১৩.০০ লাখ মে.টন সিদ্ধ চাল ও ০.৫০ লাখ মে.টন আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ০৩/০৮/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত সারাদেশে ২,০৯,৫০০ মে.টন ধান, ৮,৪৬,২৫৭ মে.টন সিদ্ধ চাল ও ২৮,০১৭ মে.টন আতপ চাল সংগৃহীত হয়েছে, যার বিভাগভিত্তিক চিত্র নিম্নরূপ:

ক্র: নং	বিভাগ	ধান সংগ্রহ			চাল সংগ্রহ					
		লক্ষ্যমাত্রা	ক্রমপুঞ্জিত	সংগ্রহের হার	লক্ষ্যমাত্রা		ক্রমপুঞ্জিত		সংগ্রহের হার	
					সিদ্ধ	আতপ	সিদ্ধ	আতপ	সিদ্ধ	আতপ
১	রাজশাহী	১০৯৩২৯	১৫৬১০	১৪.২৮%	২৭৩৫৭০	১৭২০	১৮৩৫৭৫	৬৯০	৬৭.১০%	৪০.১২%
২	রংপুর	১০০৮৯৮	৬৩৯০১	৬৩.৩৩%	৩২৬২৯০	২৫৯৯	২২২২১৫	১২২০	৬৮.১০%	৪৬.৯৪%
৩	ঢাকা	৯৯০৪৭	১৬৬৭৩	১৬.৮৩%	১৩৩৩৮৮	৬২১	৯০০৬৬	৬৪	৬৭.৫৪%	১০.৩১%
৪	ময়মনসিংহ	৮৯৬১২	১৯৯৩	২.২২%	২০৮১০০	২৮৫২	১২৫৯০৮	৫৪৩	৬০.৫০%	১৯.০৪%
৫	খুলনা	৮২৫৯৫	৪০৮৮১	৪৯.৫০%	১৭৩৭১৫	১০১২	১০৯১৪৯	৫৪	৬২.৮৩%	৫.৩৪%
৬	চট্টগ্রাম	৮২৫৫৬	২৭১০২	৩২.৮৩%	১১৪০৩৪	২২৭০৮	৭১৮১৭	১৫৫৫৭	৬২.৯৮%	৬৮.৫১%
৭	সিলেট	৬২৬৩৮	২৬৯০৫	৪২.৯৫%	৪৫২৩৫	১৮০০২	২৩৮২৬	৯৮৮৯	৫২.৬৭%	৫৪.৯৩%
৮	বরিশাল	২৩৩২৫	১৬৪৩৫	৭০.৪৬%	২৮৭০৮	০	১৯৭০১	০	৭৬.৬৩%	০.০০%
সর্বমোট=		৬৫০০০০	২০৯৫০০	৩২.২৩%	১৩০০০০০	৪৯৫১৪	৮৪৬২৫৭	২৮০১৭	৪৪.৫৩%	৫৬.৫৮%

চলতি বোরো/২০২২ মৌসুমে ধান-চাল সংগ্রহের সময়সীমা আগামী ৩১/০৮/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারিত রয়েছে। সংগ্রহের নির্ধারিত মেয়াদের মধ্যে ধান-চালের নির্ধারিত লক্ষ্যমাত্রার সমুদয় পরিমাণ ধান-চাল সংগ্রহের নির্দেশনা রয়েছে। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুসরণপূর্বক সংগ্রহের নির্ধারিত মেয়াদের (৩১/০৮/২০২২খ্রি:) মধ্যে লক্ষ্যমাত্রার অবশিষ্ট ধান-চাল সংগ্রহ সম্পন্ন করতে হবে। কোন অবস্থাতেই বিনির্দেশ বহির্ভূত ধান-চাল সংগ্রহ করা যাবে না। বিনির্দেশ বহির্ভূত ধান-চাল সংগ্রহ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিনির্দেশসম্মত ধান-চাল সংগ্রহ নিশ্চিতকরণের লক্ষ্যে তীর অধীন সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক, সহকারী রসায়নবিদ, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কা:) ও কারিগরি খাদ্য পরিদর্শকগণকে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।

৬-৮-২০২২

মোঃ রায়হানুল কবীর

পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪২৯.২২.১৭০/১(১২)

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯

০৪ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



৬-৮-২০২২

মোঃ রায়হানুল কবীর

পরিচালক